গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

(কাস্টমস ও মূল্য সংযোজন কর)

প্রজ্ঞাপন

তারিখ: ১৬ আষাঢ়, ১৪৩৩ বঙ্গাব্দ/ ৩০ জুন, ২০২৬ খ্রিষ্টাব্দ

এস.আর.ও. নং ২৩৮-আইন/২০২৬/৬৮/কাস্টমস।– সরকার, কাস্টমস আইন, ২০২৩ (২০২৩ সনের ৫৭ নং আইন) এর ধারা ২৫ এর উপ-ধারা (১) এবং মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১২৬ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে, জাতীয় রাজস্ব বোর্ডের সহিত পরামর্শক্রমে, জনস্বার্থে, এই বিভাগের ২৫ জ্যৈষ্ঠ, ১৪৩৩ বঙ্গাব্দ মোতাবেক ০৮ জুন, ২০২৬ খ্রিষ্টাব্দ তারিখে জারিকৃত প্রজ্ঞাপন এস.আর.ও. নং ১৫২-আইন/২০২৬/০৭/কাস্টমস এর নিম্নরূপ সংশোধন করিল, যথা:-

উপরি-উক্ত প্রজ্ঞাপনের-

(১) TABLE-1 এর কলাম (1) এ উল্লিখিত Heading-

(ক) 39.26 এর বিপরীতে কলাম (2) এ উল্লিখিত H.S. Code “3926.90.99” এর পরিবর্তে “3926.90.30” প্রতিস্থাপিত হইবে;

(খ) 76.12 এর বিপরীতে কলাম (2) এ উল্লিখিত H.S. Code 7612.90.10 এর বিপরীতে কলাম (3) এ উল্লিখিত এন্ট্রি “Aluminium can for inhaler, 19ml” এর পরিবর্তে “Aluminium can for inhaler” প্রতিস্থাপিত হইবে; এবং

(২) TABLE-2 এর কলাম (1) এ উল্লিখিত Heading 39.23 এর বিপরীতে কলাম (2) এ উল্লিখিত H.S. Code 3923.30.90 এর বিপরীতে কলাম (3) এ উল্লিখিত এন্ট্রি “PVC/ Laminated tube printed with the name of medicine” এর পরিবর্তে “PVC/Laminated sterile tube printed with the name of medicine” প্রতিস্থাপিত হইবে।

২। এই প্রজ্ঞাপন ১ জুলাই, ২০২৬ খ্রিষ্টাব্দে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,
স্বাক্ষরিত/-
মোঃ আবদুর রহমান খান এফসিএমএ
সচিব।

Downloaded from www.taxvatpoint.com